

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
৪, নিউ ইন্সটান রোড, ঢাকা-১০০০
website : www.waqf.gov.bd


স্মারক নং- ১৬.০২.০০০০.০০১.৯৯.০০৬.০৫/

তারিখ: _____
১৪৩২
২০২৬

বিষয় : ভূমি জরিপ কালে ওয়াক্ফ সম্পত্তি ওয়াক্ফ এস্টেটের নামে রেকর্ড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশব্যাপী ওয়াক্ফ সম্পত্তি যথাযথ তত্ত্বাবধানের অভাবে এবং ওয়াক্ফ এস্টেটের মোতাওয়াল্লী/সেক্রেটারী/স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিগণের অসচেতনতার কারণে ভূমি জরিপকালে ওয়াক্ফ সম্পত্তির দালিলিক প্রমানাদি সঠিকভাবে উপস্থাপন না করার কারণে অনেক ওয়াক্ফ সম্পত্তি বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের নামে রেকর্ড হওয়ার সম্ভাবনা তৈরী হয়। ফলে ওয়াক্ফ সম্পত্তি বেহাত হওয়াসহ প্রায়শই মামলা মোকদ্দমার উদ্ভব হয়। যে সকল এলাকায় ভূমি জরিপ চলমান আছে সে সকল এলাকার ওয়াক্ফ সম্পত্তির রেকর্ডস অব রাইট সঠিকভাবে সংরক্ষণের লক্ষ্যে ওয়াক্ফ এস্টেটের মোতাওয়াল্লী/সেক্রেটারী/স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিগণের সচেতনতার সৃষ্টি করা এবং জরিপকালে ওয়াক্ফ সম্পত্তির দালিলিক প্রমানাদি উপস্থাপন করে ওয়াক্ফ সম্পত্তি ওয়াক্ফ এস্টেটের নামে রেকর্ড হওয়া বাঞ্ছনীয় করা প্রয়োজন।

এমতাবস্থায়, যে সকল এলাকায় ভূমি জরিপ চলমান আছে সে সকল এলাকার ওয়াক্ফ সম্পত্তির রেকর্ডস অব রাইট সঠিকভাবে সংরক্ষণের লক্ষ্যে ওয়াক্ফ এস্টেটের মোতাওয়াল্লী/সেক্রেটারী/স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিগণকে সচেতনতার সৃষ্টি করে তাদের মাধ্যমে জরিপকালে সংশ্লিষ্ট কর্মকর্তাগণের নিকট ওয়াক্ফ সম্পত্তির দালিলিক প্রমানাদি উপস্থাপন করে ওয়াক্ফ সম্পত্তির রেকর্ড ওয়াক্ফ এস্টেটের নামে সৃজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(এস. এম. মনিরুজ্জমান)
উপসচিব
সহকারী প্রশাসক (প্রশাসন)
বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসন।


জনাব.....
ওয়াক্ফ পরিদর্শক/হিসাব নিরীক্ষক
জেলা ওয়াক্ফ পরিদর্শকের কার্যালয়
.....জেলা।

স্মারক নং- ১৬.০২.০০০০.০০১.৯৯.০০৬.০৫। (৫৬৭)

তারিখ: ১২/০২/২০২৬

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে):-

- ০১। সচিবের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। উপ প্রশাসক-১/২, বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়, ঢাকা।
- ০৩। সহকারী প্রশাসক, বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়, ঢাকা।
- ০৪। সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ০৫। পিএ টু ওয়াক্ফ প্রশাসক (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়, ঢাকা।
- ০৬। অফিস কপি/মাস্টার ফাইল।



সহকারী প্রশাসক (প্রশাসন)
বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসন।